চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

এবং

ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

# সূচিপত্র

উপক্রমণিকা (Preamble) ....................................................................................................৩

ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড - এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র ......................................................৪

সেকশন ১: কোম্পানির রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি ............৫

সেকশন ২: ইএলবিএল এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল (Outcome)..........................................৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ...................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)........................................................................... ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ এবং পরিমাপ পদ্ধতি ...........১২

# উপক্রমণিকা

সরকারী দপ্তর / সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রুপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

<u>ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস্ ব্লেন্ডার্স লিমিটেড</u>

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ৩০ তারিখে এ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এ চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Eastern Lubricants Blenders Limited)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যত পরিকল্পনা
সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড কর্তৃক বিগত ০৩ (তিন) অর্থ বছরে (২০১৭-২০১৮ হতে ২০১৯-২০২০ পর্যন্ত) তিনটি তেল বিপণন কোম্পানীর মোট ৪,৮০০ মে.টন (প্রায়) লুব্রিকেন্টস ব্লেন্ডিং করা হয়েছে। স্থানীয়ভাবে ব্লেন্ডিংকৃত বিভিন্ন গ্রেডের এ সকল লুব্রিকেন্টস তিনটি তেল বিপণন কোম্পানীর মাধ্যমে জাতীয় গুরুত্বপূর্ণ বিভিন্ন সংস্থা, যেমন- বাংলাদেশ প্রতিরক্ষাবাহিনীর সকল ইউনিট, বাংলাদেশ রেলওয়ে, চিনিকলসমূহ, জুটমিল, সারকারখানা, বিভিন্ন শিল্পকারখানায় তাদের চাহিদানুযায়ী সরবরাহ করা হয়েছে। পাশাপাশি বর্ণিত ব্লেন্ডিংকৃত লুব্রিকেন্টস তিনটি তেল বিপণন কোম্পানীর ডিলার, এজেন্ট ও সরাসরি ভোক্তাপর্যায়ে সরবরাহ করা হয়। বোরো মৌসুমে উত্তরাঞ্চলসহ সারাদেশে বিশেষ করে বিগত জানুয়ারী-মার্চ, ২০২০ এ সময়ে নিরবিচ্ছিন্নভাবে লুব্রিকেন্টস সরবরাহ নিশ্চিত করা হয়েছে। জাপানের বিখ্যাত ব্যাটারী নির্মাতা কোম্পানী, জিএস ইউয়াসা হতে আমদানিকৃত বিভিন্ন মডেলের কার, মাইক্রোবাস ও হেভী যানবাহনের জন্য উন্নত মানের গাড়ীর ব্যাটারী ইএলবিএল কর্তৃক সারাদেশে বর্তমানে বাজারজাত করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :**

চাহিদা মোতাবেক মান সম্পন্ন লুব্রিকেন্টস ভোক্তাপর্যায়ে সরবরাহ নিশ্চিত করাই কোম্পানির জন্য বড় চ্যালেঞ্জ। এ ছাড়াও কৃষি সেচ মৌসুমে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সারাদেশে মানসম্মত লুব্রিকেন্টস পণ্য সরবরাহ নিশ্চিতকরণ।

**ভবিষ্যত পরিকল্পনা :**

লুব্রিকেন্টস ব্লেন্ডিং এর পাশাপাশি নিজস্ব অর্থায়নে লুব অয়েলের প্রধান কাঁচামাল, লুব বেইস অয়েল আমদানীপূর্বক লুব অয়েলের মান উন্নীতকরণ ও ইএলবিএল কর্তৃক লুব অয়েলের নতুন ব্র্যান্ড তৈরীকরণের পরিকল্পনা রয়েছে। এছাড়া বর্তমানে প্রতিযোগীতা মূলক বাজারে টিকে থাকার জন্য আপগ্রেড লুব্রিকেন্টস পণ্যের ব্লেন্ডিংয়ের উপযোগী করণের লক্ষে কোম্পানির বর্তমান স্থাপনার অবকাঠামোগত উন্নয়ন করার মাধ্যমে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্র্যান্ডের লুব্রিকেন্টস সামগ্রী বাংলাদেশে ব্লেন্ডিং করার পরিকল্পনা রয়েছে। এ ছাড়াও, বাস, ট্রাক, ট্যাংক-লরী, কাভার্ড-ভ্যান সহ হেভী গাড়ীর জন্য জাপানের তৈরী ইউয়াসা ব্র্যান্ডের কমার্শিয়াল ব্যাটারী ইএলবিএল কর্তৃক বিপণনের মাধ্যমে উক্ত কোম্পানীর ব্যবসায়িক পরিধি বৃদ্ধি করার পরিকল্পনা রয়েছে এবং ভবিষ্যতে, এলপিজি ও বিটুমিন বিপণনের মাধ্যমে ব্যবসায়িক বহুমুখিতা বাড়ানোর পরিকল্পনা রয়েছে।

**২০২০- ২০২১ অর্থ বৎসরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :**

লুব্রিকেন্টস ব্লেন্ডিং এর পাশাপাশি বাস, ট্রাক, ট্যাংক-লরী, কাভার্ড-ভ্যান সহ হেভী গাড়ীর জন্য জাপানের তৈরী ইউয়াসা ব্র্যান্ডের কমার্শিয়াল ব্যাটারী আমদানীপূর্বক ইএলবিএল কর্তৃক বিপণনের মাধ্যমে উক্ত কোম্পানীর ব্যবসায়িক পরিধি বৃদ্ধি করা হবে। বিপনন কোম্পানির চাহিদা মোতাবেক ইএলবিএল কর্তৃক বিদেশ হতে লুব বেইস অয়েল আমদানী করে তা ব্লেন্ডিং করতঃ মানসম্পন্ন লুব্রিকেন্টস প্রস্তুত করা হবে ও বিপননের জন্য সংশ্লিষ্ট কোম্পানিসমূহকে দেওয়া হবে।

## সেকশন-১

## কোম্পানির রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি:

### ১.১ রূপকল্প (Vision):

দেশের সর্বত্র নিরবচ্ছিন্নভাবে সরকার নির্ধারিত মূল্যে মানসম্মত লুব অয়েল সরবরাহের মাধ্যমে দেশে জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ। দেশের কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সারাদেশে মানসম্মত লুব অয়েল সরবরাহ জোরদারকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

১. লুব অয়েল পণ্য ক্রয়, মজুদ, বিতরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশে লুব অয়েলের সরবরাহ নিশ্চিতকরণ;
২. লুব অয়েল প্রস্তুতকরণ সংশ্লিষ্ট অবকাঠামোর উন্নয়ন;
৩. বিপণন ও পরিচালন কার্যক্রমের আধুনিকিকরণ;
৪. বাজার চাহিদার সাথে মিল রেখে উদ্ভাবনী ব্যবসা নীতি এবং পণ্যের বহুমুখিতা আনয়ন;
৫. লুব বেইস অয়েল আমদানী, উৎপাদন, পণ্য মজুদ, বিতরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে সারাদেশে সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ কোম্পানির কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বিপিসি হতে লুব বেইস অয়েল ক্রয়ের পাশাপাশি, নিজস্ব উদ্যোগে লুব বেইস অয়েল আমদানীকরণ;
২. বেইস অয়েল ও এডিটিভের সংমিশ্রনে লুব অয়েল প্রস্তুতকরণ;
৩. বাস, ট্রাক, ট্যাংক-লরী, কাভার্ড-ভ্যান সহ হেভী গাড়ীর জন্য জাপানের তৈরী ইউয়াসা ব্র্যান্ডের কমার্শিয়াল ব্যাটারী আমদানীপূর্বক সুষ্ঠু বিপণন;

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
৩.আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;

### ১.৪ কোম্পানির কার্যাবলি (Functions):

১. সরকার ও বিপিসি'র নির্দেশনার আলোকে লুব্রিকেন্টস্ সামগ্রী বিপণনের মাধ্যমে সেবা প্রদান করা;
২. আমদানিপূর্বক লুব বেইস অয়েল গ্রহণ ও মজুদকরণ:
৩. সারা দেশে নিরবচ্ছিন্নভাবে লুব অয়েল সরবরাহ নিশ্চিত করা;
৪. সারাদেশে লুব অয়েল সরবরাহ জোরদারকরণ;
৫. গ্রাহক পর্যায়ে মানসম্পন্ন লুব অয়েল সরবরাহ করা;
৬. লুব অয়েল মজুদ ক্ষমতা, বিপণন ও সরবরাহ বৃদ্ধি করে দেশে লুব অয়েলের নিরাপত্তা নিশ্চিত করা;
৭. ডিপো/ প্রধান স্থাপনায় বিদ্যমান সুবিধাদির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে দক্ষতার উন্নয়ন ও উৎপাদনশীলতা বৃদ্ধি করা;
৮. বিনিয়োগের উপর যুক্তিসঙ্গত হারে আয় করা;
৯. অর্থনৈতিকভাবে লাভজনক ব্যয় সাশ্রয়ী প্রকল্প গ্রহণ করা;
১০. লুব বেইস অয়েল হ্যান্ডলিং নিরাপদ ও আধুনিকায়নের লক্ষ্যে আন্তর্জাতিক মানের সাথে সামঞ্জস্য রেখে অপারেশনাল ফ্যাসিলিটিজ স্থাপন ও সম্প্রসারণ এবং পরিচালনগত মানদন্ড হালনাগাদ করা;
১১. কোম্পানির টেকসই উন্নয়নের জন্য কর্পোরেট ও আর্থিক ব্যবস্থাপনা হালনাগাদ করা;
১২. কর্মকর্তা/কর্মচারীদের দক্ষ জনবল হিসেবে গড়ে তোলার জন্য প্রশিক্ষণ ও পেশাগত মানোন্নয়নের পরিকল্পনা প্রণয়ন।

## সেকশন-২

### ইএলবিএল এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল (Outcome)

| আউটকাম (Outcome) | কর্ম সম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | ভিত্তি বছর ২০১৮-২০১৯ | প্রকৃত অর্জন ২০১৯-২০* | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/কোম্পানি সমূহের নাম | উপাত্তসমূহ (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ক্রয়কৃত বেইস অয়েল ও এডিটিভের সংমিশ্রনে লুব অয়েল প্রস্তুতকরণ | মাথাপিছু ব্লেন্ডিং এর পরিমাণ | লিটার | ০.০১০ | ০.০১১ | ০.০১৩ | ০.০১৫ | ০.০১৬ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | ১। কোম্পানির বার্ষিক প্রতিবেদন<br>২। বাংলাদেশ স্ট্যাটিস্টিক্যাল ব্যুরো ওয়েবসাইট |
| | | | | | | | | বিপিসি | |
| | | | | | | | | পরিকল্পনা কমিশন | |
| | | | | | | | | জাতীয় রাজস্ব বোর্ড | |
| | | | | | | | | বিএসইসি, ডিএসই, সিএসই ও আরজেএসসি | |
| | | | | | | | | পেট্রোবাংলা | |
| | | | | | | | | চবক | |
| | | | | | | | | বাংলাদেশ রেলওয়ে | |
| | | | | | | | | বি আই ডব্লিউ টি এ | |
| | | | | | | | | বিপিসি'র অন্যান্য অঙ্গ প্রতিষ্ঠানসমূহ | |

*আনুমানিক

## সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্য, কর্মসম্পাদন সূচক, কার্যক্রম, অগ্রাধিকার এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তি বছর (Base Year) ২০১৮-১৯ ( লক্ষ মে.টন) | প্রকৃত অর্জন ২০১৯-২০* ( লক্ষ মে.টন) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target / Criteria Value for FY 2020-2021) | | | | | প্রক্ষেপণ Projectio)(n ২০২১-২২ | প্রক্ষেপণ Projectio)(n ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান চলতি মান | চলতি মানের নিম্নে | (লক্ষ মে.টন ) | (লক্ষ মে.টন ) |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **কোম্পানির কৌশলগত উদ্দেশ্য সমূহ** | | | | | | | | | | | | | | |
| ১)লুব বেস অয়েল ক্রয় | ৪০ | লুব বেস অয়েল ক্রয় | লুব বেস অয়েল ক্রয় | লক্ষ মে.টন | ৪০ | ০.০১৫ | - | ০.০২০ | ০.০১৭ | ০.০১৫ | ০.০১৩ | ০.০১১ | ০.০২৩ | ০.০২৫ |
| ২)বেস অয়েল ও এডিটিভের সংমিশ্রনে লুব অয়েল প্রস্তুতকরণ | ৩০ | বেস অয়েল ও এডিটিভের সংমিশ্রনে লুব অয়েল প্রস্তুতকরণ | লুব অয়েল প্রস্তুতকরণ | লক্ষ মে.টন | ৩০ | ০.০১৪ | ০.০১৬ | ০.০২০ | ০.০১৭ | ০.০১৫ | ০.০১৩ | ০.০১১ | ০.০২৩ | ০.০২৫ |
| ৩)বাস,ট্রাক,ট্যাংকলরী, কাভার্ড-ভ্যান সহ হেভী গাড়ীর জন্য জাপানের তৈরি ইউয়াসা ব্রান্ডের কমার্শিয়াল ব্যাটারী আমদানীপূর্বক সুষ্ঠু বিপণন | ০৫ | ব্যাটারী আমদানীপূর্বক সুষ্ঠ বিপণন | ব্যাটারী বিপণন | সংখ্যা | ০৫ | ৭৭১ | ২৭৯ | ৪০০ | ৩৫০ | ৩০০ | ২৫০ | ২০০ | ৫০০ | ৬০০ |

* আনুমানিক

* স্থানীয়ভাবে উৎপাদিত ব্যাটারির সাথে কোম্পানির আমদানিকৃত মানসম্মত ব্যাটারির মূল্যের ক্ষেত্রে তীব্র প্রতিযোগিতার সম্মুখীন হওয়ার ফলে কোম্পানির ব্যাটারি বিক্রয়ের পরিমাণ হ্রাস পেয়েছে।

## কোম্পানীর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০২০-২১
## (মোট মান – ২৫)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্ম সম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান নির্ণায়ক ২০২০- ২১ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% (Excellent) | ৯০% (Very Good) | ৮০% (Good) | ৭০% (Fair) | ৬০% (Poor) |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা-গ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৫] তথ্যবাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ। | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | - | - | - |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনায়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] ন্যূনতম একটি উদ্ভাবনী / ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১ | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা বাস্তবায়ন | [২.৪.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্ম সম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান নির্ণায়ক ২০১৮- ১৯ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% (Excellent) | ৯০% (Very Good) | ৮০% (Good) | ৭০% (Fair) | ৬০% (Poor) |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/ বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পিত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস্ ব্লেন্ডার্স লিমিটেড, কোম্পানির প্রতিনিধি হিসেবে চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট কোম্পানিকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

______________________ ______________________

**ব্যবস্থাপনা পরিচালক**
ইস্টার্ন লুব্রিকেন্টস্ ব্লেন্ডার্স লিমিটেড

তারিখ

______________________ ______________________

**চেয়ারম্যান**
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

তারিখ

## শব্দ সংক্ষেপ
## (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দ সংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিপিসি | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন |
| ২ | মন্ত্রণালয় | বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় |
| ৩ | বিভাগ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| ৪ | সংস্থা | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন |
| ৫ | কোম্পানি | ইস্টার্ন লুব্রিকেন্টস্ ব্লেন্ডার্স লিমিটেড |
| ৬ | পিওএল | পেট্রোলিয়াম অয়েল এন্ড লুব্রিক্যান্টস |
| ৭ | লক্ষ মে.টন | লক্ষ মেট্রিক টন |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতির-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী কোম্পানী | **প্রদত্ত প্রমাণক** | **প্রমাণকের উপাত্ত সূত্র** |
|---|---|---|---|---|---|---|
| ১। | লুব বেইস অয়েল ক্রয় | লুব বেইস অয়েল ক্রয় | দেশের চাহিদা পূরণের জন্য লুব বেইস অয়েল আমদানিকরণ। | ইএলবিএল | ক্রয় চালান / বিক্রয় চালান | কোম্পানির বার্ষিক প্রতিবেদন |
| ২। | বেস অয়েল ও এডিটিভের সংমিশ্রনে লুব অয়েল প্রস্তুতকরণ | লুব অয়েল প্রস্তুতকরণ | দেশের চাহিদা পূরণের লক্ষ্যে আমদানীকৃত লুব বেইস অয়েল ব্লেন্ডিংকরতঃ মানসম্পন্ন লুব্রিকেন্টস প্রস্তুত করা ও বিপননের জন্য সংশ্লিষ্ট কোম্পানিসমূহকে দেওয়া। | ইএলবিএল | উৎপাদন সংক্রান্ত ডকুমেন্ট / বিক্রয় চালান | কোম্পানির বার্ষিক প্রতিবেদন |